

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,  
ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ  
৩১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০০৫৮.২৫.৩৮১

বিষয়: ইউবেস্ট (বাংলা) ফ্যাশন কোং লিঃ নামক ১০০% রপ্তানীমুখী বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরাসরি প্রেরিত টেক্সটাইল  
মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীর জন্য সুপারিশ প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: আবেদনপত্র নং-৫৫২, তারিখঃ ২৪/০৭/২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ইউবেস্ট (বাংলা) ফ্যাশন কোং লিঃ, অফিস ও কারখানাঃ ২২০/১, ওয়ার্ড-৫, ব্লক-বি, খেজুর বাগান, বড় আশুলিয়া, আশুলিয়া, সাভার, ঢাকা নামক কারখানাটি ১০০% রপ্তানীমুখী “তৈরি পোশাক (নীট ও ওভেন)” উপ-খাতে রেজিস্ট্রেশন প্রাপ্ত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন নং আরএমজি/ইএক্সপি/এফ/০০০১৩৩৬-২৫, তারিখঃ ০৩/০৩/২০২৫ খ্রিঃ। বিদেশী উদ্যোক্তা তাদের কারখানার অনুকূলে বিদেশ থেকে কিছু মেশিনারীজ FREE OF COST এর আওতায় সরাসরি প্রেরণ করেছেন। যা ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। উক্ত প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীর প্রয়োজনীয় সুপারিশ প্রেরণের জন্য কারখানার মালিকপক্ষ বস্ত্র অধিদপ্তরে আবেদন করেছেন। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে সরাসরি প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশসমূহের ইনভয়েস নং- 25CYGFL LZJM011A/25CYGFL LZJM011B/OLT25CEZJM004, তারিখঃ 11/07/2025 খ্রিঃ, বিএল নং- SKZX2507022 COAU7260807920, তারিখঃ 13/07/2025 খ্রিঃ, যার ইনভয়েস মূল্য- 557,450.00 ইউএসডি দাখিল করেছেন। প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশ কারখানার অবস্থানঃ ২২০/১, ওয়ার্ড-৫, ব্লক-বি, খেজুর বাগান, বড় আশুলিয়া, আশুলিয়া, সাভার, ঢাকা-এ স্থাপন করবেন বলে জানিয়েছেন।

এমতাবস্থায়, উক্ত বস্ত্র শিল্প কারখানার মালিকপক্ষের আবেদনের প্রেক্ষিতে বর্ণিত ডকুমেন্টস এর মাধ্যমে কারখানার নামে সরাসরি প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশ খালাস করার লক্ষ্যে কাষ্টমস কর্তৃপক্ষের বিদ্যমান নীতিমালা আমদানি নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে এবং সংশ্লিষ্ট এস.আর.ও মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইম্পোর্ট পারমিট (আই. পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।



৩১-০৭-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০০৫৮.২৫.৩৮১/১ (৭)

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ  
৩১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কমিশনার, কাষ্টমস হাউস, চট্টগ্রাম।

